উপজেলা পরিষদ

মোহনগঞ্জ,নেত্রকোণা

বিষয় ঃ মোহনগঞ্জ উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ঃ

| | | |
|---|---|---|
| সভার তারিখ ও সময় | ঃ | ৩০ মে- ২০২২ খ্রিঃ, বেলা- ১১.৩০ ঘটিকা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ মিলনায়তন, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| সভাপতি | ঃ | জনাব মোঃ শহীদ ইকবাল, চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ,নেত্রকোণা। |
| উপস্হিত সদস্য | ঃ | পরিশিষ্ট ''ক'' |

সভাপতি উপস্থিত সদস্যগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কাজ পরিচালনা করার জন্য জনাব ছাব্বির আহমেদ আকুঞ্জি, উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচি মোতাবেক সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত ও অনুমোদিত হয়।

**(১) ২০২১-২০২২ অর্থ বছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দকৃত অর্থের প্রকল্প গ্রহণ ঃ-**

ক) উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দ ও টেন্ডারে গৃহিত প্রকল্পের ৫% সাশ্রয়কৃত টাকাসহ মোট ১,০২,৩৩,৩৯৫.০০ (এক কোটি দুই লক্ষ তেত্রিশ হাজার তিনশত পঁচানব্বই) টাকার প্রকল্প গ্রহণ করা হয়। টেন্ডারের প্রকল্প ও পিআইসি প্রকল্প দ্রুত বাস্তবায়নের বিষয়ে সভায় সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

খ) উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় আরো জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচী (এডিপি) প্রকল্পের আওতায় নেত্রকোণা জেলার মোহনগঞ্জ উপজেলাধীন ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম-মাল্টিপারপাস হল ব্যবস্থাপনার জন্য একটি কমিটি গঠণ করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

**সিদ্ধান্ত ঃ** ক) ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচির(এডিপি) গৃহিত প্রকল্প(টেন্ডার ও পিআইসি) ৩০ জুন ২০২২ এর মধ্যে বাস্তবায়ন করার জন্য উপজেলা প্রকৌশলীসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

**সিদ্ধান্ত (খ)** মোহনগঞ্জ উপজেলাধীন ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম-মাল্টিপারপাস হল ব্যবস্থাপনার জন্য নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়ঃ

| | | |
|---|---|---|
| * | উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | আহবায়ক |
| * | সিঃ উপজেলা মৎস্য অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| * | উপজেলা সমাজসেবা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| * | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য |
| * | উপজেলা প্রকৌশলী,এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণা | সদস্য-সচিব |

(২) বিভাগীয় উন্নয়নমূলক কাজের আলোচনা ঃ-

| ক্রঃ | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, উপজেলা পরিষদের পুরতন ভবন নিলামে বিক্রয় করা হয়েছে। উক্ত স্থানে উপজেলা পরিষদ কমপ্লেক্সের নতুন ভবন নির্মাণ করা হবে। | উপজেলা পরিষদ কমপ্লেক্সের নতুন ভবন নির্মাণের বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ০২ | উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা শাখা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ম পর্যায়ে বীরনিবাস নির্মাণ কার্যক্রম চলমান। ২য় পর্যায়ে ২৯টি বীরনিবাস নির্মাণ করার লক্ষ্যে টেন্ডার কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, গ্রামীণ অবকাঠামো সংস্কার কর্মসূচির টিআর ও কাবিখা প্রকল্প, বীর নিবাস ও মুজিববর্ষের ঘর নির্মাণ/বাস্তবায়নের কাজ চলমান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার সভায় জানান যে, কৃষি বিষয়ক মালামাল(বিভিন্ন ধরনের সার, বীজ ও যন্ত্রপাতি) সুষ্ঠ সংরক্ষণের জন্য গোডাউন নির্মাণের জন্য উপজেলা পরিষদের ভিতরে তিন শতাংশ স্থান নির্বাচনের অনুরোধ জানান। স্থান নির্বাচন পূর্বক প্রতিবেদন প্রেরণ করা হলে ভবন নির্মাণ করা সম্ভব হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ০৪ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ এর প্রতিনিধি সভায় জানান অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালিত হচ্ছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয় এবং পরবর্তী সভায় প্রতিষ্ঠান প্রধানকে উপস্থিত থাকার অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনসমূহ নিলামে বিক্রয় করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জকে অনুরোধ করেন। কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | প্রাথমিক বিদ্যালয়ের পুরাতন ভবনসমূহ নিলামে বিক্রয় করার বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করার জন্য উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ০৭ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ, সভায় জানান তাঁর বিভাগের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি বলেন, সরকারি নির্দেশনা মোতাবেক যে কোন ধরণের "ছোট মাছ" বা 'মা মাছ' না ধরার জন্য সকলের প্রতি অনুরোধ করেন। এ বিষয়ে উপজেলার সকল স্থানে মাইকিং করা হচ্ছে। যে কোন প্রকার কারেন্ট জাল বা মশারি জাল দিয়ে ছোট মাছ বা মা মাছ ধরলে আইন মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি এ বিষয়ে সকলের সহযোগিতা কামনা করেন। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য সিঃ উপজেলা মৎস্য অফিসারকে অনুরোধ করা হয়। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মোহনগঞ্জ । |
| ০৮ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, মোহনগঞ্জ |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১০ | মেডিকেল অফিসার (এমসি. এইচ,এফ-পি) | (এমসি.এইচ. এফ-পি) মেডিকেল বিভাগ ঃ মেডিকেল অফিসার(এমসিএইচ,এফ-পি.) সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, মেডিকেল অফিসার (এমসি.এইচ. এফ-পি) মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মেডিকেল অফিসার (এমসি.এইচ. এফ-পি) মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, ২০৩০ সালের মধ্যে বাংলাদেশকে জাতিসংঘ ঘোষিত ১৭টি টিকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন করতে হলে গুনগত শিক্ষার বিকল্প নেই। আমাদের সামাজিক জীবনে শিক্ষার আকাঙ্খা ব্যাপকভাবে বৃদ্ধি পেলেও এর গুনগত মান নিশ্চিত করা কঠিন হয়ে পড়েছে। বিশেষ করে কোভিড-১৯ পরবর্তী পরিস্থিতি শিক্ষাক্ষেত্রে বিরুপ প্রভাব ফেলেছে, শিক্ষার গুনগত মান অনেকাংশেই নিম্নগামী হয়েছে। তাছাড়া যোগ্য ও নৈতিক মূল্যবোধ সম্পন্ন শিক্ষকের অভাব, পিতা-মাতার উদাসীনতা, | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় এবং প্রস্তাব মোতাবেক জুলাই/২০২২ এর মধ্যে উপজেলাধীন সকল স্তরের প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে মতবিনিময় সভার আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, মোহনগঞ্জ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সামাজিক দায়বদ্ধতার অভাব, শিক্ষার্থী ঝড়ে পড়া, মাদকাসক্তি, জঙ্গীবাদ, ইভটিজিং, বাল্যবিবাহ ইত্যাদি বিষয়গুলো গুণগত শিক্ষা অর্জনকে বাঁধাগ্রস্থ করেছে। এভাবে চলতে থাকলে ২০৩০ খ্রিষ্টাব্দে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন, ২০৪১ খ্রিষ্টাব্দে উন্নত রাষ্ট্র বাস্তবায়ন অসম্ভব হয়ে পড়বে। গুণগত শিক্ষা নিশ্চিত করণের মাধ্যমে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জনে সরকারি বিভিন্ন পদক্ষেপের পাশাপাশি স্থানীয় উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এ লক্ষ্যে প্রাথমিক পর্যায়ে উপজেলাধীন সকল স্তরের প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে মতবিনিময় সভা করে কর্মসূচি গ্রহণ করা যেতে পারে। এছাড়া বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | অফিসারকে অনুরোধ করা হয়। | |
| ১২ | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তা সভায় অবহিত করেন যে, উপজেলার গজধার, পশুখালী ও বড়কাশিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তিনটি ভবন জরাজীর্ণ ও পরিত্যক্ত অবস্থায় আছে। উক্ত ভবনের টিন, রড ও ইট নষ্ট হয়ে গেছে এবং লোকজন নিয়ে যাচ্ছে। উক্ত পরিত্যক্ত ভবনগুলি নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন করা আবশ্যক। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনান্তে পার্শ্বে বর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলার গজধার, পশুখালী ও বড়কাশিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের তিনটি ভবন নিলামে বিক্রয়ের নিমিত্ত প্রাক্কলন প্রস্তুতসহ পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, মোহনগঞ্জ। |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় অফিসের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না। | পরবর্তী সভাসমূহে উপস্থিত থাকার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো | উপজেলা সমবায় কর্মকর্তা, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ১৫ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ১৬ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | উপসহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) সভায় জানান জুন/২০২২ মাসের মধ্যে উপজেলার মেরামতযোগ্য ১৬টি টিউবওয়েল ও নতুন বরাদ্দকৃত টিউবওয়েল বসানো সম্পন্ন করা হবে। এছাড়া অফিসের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে অনুরোধ জানানো হয়। | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) |
| ১৭ | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হল না। | পরবর্তী সভাসমূহে উপস্থিত থাকার জন্য উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, মোহনগঞ্জ,নেত্রকোণা |
| ১৮ | উপজেলা নির্বাচন বিভাগ | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা নির্বাচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা নির্বাচন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ১৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা |
| ২০ | দারিদ্র বিমোচন | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, মোহনগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | উপজেলা রিসোর্স সেন্টার | ইনস্ট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার,মোহনগঞ্জ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী সভায় উপস্থিত থাকার জন্য ইনস্ট্রাক্টর , উপজেলা রিসোর্স সেন্টার, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার মোহনগঞ্জ, |
| ২২ | উপজেলা পরিসংখ্যান বিভাগ | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, জানান যে, তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিসংখ্যান কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২৩ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক মোহনগঞ্জ সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২৪ | পল্লী বিদ্যুৎ সমিতি | ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, জোনাল অফিস, মোহনগঞ্জ, নেত্রকোণা সভায় জানান যে, এ উপজেলায় পঞ্চাশ হাজার গ্রাহকের নিকট প্রায় ৬ কোটি টাকা বিদ্যুৎ বিল বকেয়া রয়েছে। বকেয়া বিদ্যুৎ বিল আদায়ের বিষয়ে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া তার দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে । | কাজের ধারা অব্যাহত রাখার জন্য ডিজিএম, নেত্রকোণা পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, মোহনগঞ্জ। |
| ২৫ | প্রতিবন্ধী বিষয়ক অফিস | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রতিবন্ধী বিষয়ক কর্মকর্তা, মোহনগঞ্জ। |
| ২৬ | তথ্য আপা প্রকল্প | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প সভায় অনুপস্থিত থাকায় বিভাগীয় আলোচনা করা সম্ভব হয় নাই। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প মোহনগঞ্জ, |
| ২৭ | বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, বড়কাশিয়া-বিরামপুর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বর্তমানে লোডসেডিং বৃদ্ধি পেয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করেন। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতিকে অনুরোধ করা হয়। | ডেপুটি জেনারেল ম্যানেজার পল্লী বিদ্যুৎ সমিতি মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ২৮ | বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের জন্ম মৃত্যু নিবন্ধন কাজসহ অন্যান্য স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় । | চেয়ারম্যান, বড়তলী-বানিয়াহারী ইউনিয়ন পরিষদ, |
| ২৯ | তেতুলিয়া ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ অফিসের স্বাভাবিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে বলে সভায় জানান। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, তেতুলিয়া ইউনিয়ন পরিষদ |
| ৩০ | মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ বলেন, বার্ষিক উন্নয়ন কমূসূচি এডিপি প্রকল্পের ঠিকাদার কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের চুড়ান্ত বিল পরিশোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের নিকট থেকে কাজের সমাপ্তি প্রতিবেদন নিয়ে বিল পরিশোধের অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়। | বার্ষিক উন্নয়ন কমূসূচি এডিপি প্রকল্পের ঠিকাদার কর্তৃক বাস্তবায়িত প্রকল্পের চুড়ান্ত বিল পরিশোধের পরিশোধের পূর্বে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানের নিকট থেকে কাজের সমাপ্তি প্রতিবেদন গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, মাঘান সিয়াধার ইউনিয়ন পরিষদ, |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩১ | সমাজ-সহিলদেও ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, সমাজ সহিলদেও ইউনিয়ন পরিষদ বলেন, দৌলতপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গেইটের সামনে দোকান ভাড়া দেয়া হয়েছে এবং কিছু দোকান অবৈধভাবে বসে। ফলে বিদ্যালয়ের ছাত্রছাত্রীদের চলাচল ও খেলাধুলার অসুবিধা হয়।এছাড়া অফিসের স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | দৌলতপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের গেইটের সামনে দোকান ভাড়া/অবৈধ দোকান অপসারণের ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা শিক্ষা অফিসারেকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা। |
| ৩২ | সুয়াইর ইউনিয়ন পরিষদ | সভায় চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ বলেন, ইউনিয়ন পরিষদের জন্য মৃত্যু নিবন্ধন, গ্রাম আদালতসহ স্বাভাবিক কার্যক্রম সঠিকভাবে চলছে। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ, মোহনগঞ্জকে অনুরোধ জানানো হয় । | চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ, |
| ৩৩ | গাগলাজুর ইউনিয়ন পরিষদ | চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদ বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিপি প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়নের অনুরোধ করেন। তিনি বলেন, ইউনিয়নের উপ-সহকারী কৃষি কর্মকর্তা জনাব ওয়ালি উল্যা কৃষকদের ভর্তুকির সার, বীজ সঠিকভাবে বিতরণ নাই। এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | কাজের ধারা অব্যাহত রাখার জন্য চেয়ারম্যান, গাগলাজুর ইউনিয়ন পরিষদকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী ও উপ-সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য) মোহনগঞ্জ |

(৩) বিবিধ ঃ (ক) সভায় উপজেলা নিবহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, জন্ম ও মৃত্যু নিবন্ধন বিষয়ে পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও সচিবগণকে গত ১ বছরের জন্ম গ্রহণকারী সকল শিশুর তালিকা প্রণয়ন পূর্বক জন্ম নিবন্ধন সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন। অনুরুপভাবে মৃত্যুর সংবাদ পাওয়ার সাথে সাথে দ্রুততার সাথে মৃত্যু নিবন্ধন সম্পন্ন করতে হবে। জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন সম্পন্ন করার জন্য কার্যকরী উদ্যোগ গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

খ) সভায় চেয়ারম্যান, সুয়াইর ইউনিয়ন পরিষদ বলেন, সুয়াইর ইউনিয়নের ১৪২৬-১৪২৭ এবং ১৪২৮ বাংলা সনের আদর্শনগর বাজার ইজারার ২৫% অর্থে বাজারের উন্নন মূলক প্রকল্প বাস্তবায়নের বিষয়ে সভাকে অবহিত করেন। তিনি বলেন, বাজারের উন্নয়নমূলক প্রকল্পগুলি বাস্তবায়ন করা জরুরি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত প্রকল্পগুলি পিআইসির মাধ্যমে দ্রুত বাস্তবায়নের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

| | | |
|---|---|---|
| ০১। | আদর্শনগর বাজারের সেড ঘরের(মাছ বাজার) ভিট মেরামত | =২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা |
| ০২। | আদর্শনগর বাজারের সেড ঘরের(মাছ বাজার) ছাউনী মেরামত | =২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা |
| ০৩। | আদর্শনগর বাজারের বিভিন্ন স্থানে মাটি ভরাট | =২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা |
| ০৪। | আদর্শনগর বাজারের বড় রাস্তা হতে স্বাস্থ্য কমপ্লেক্স পর্যন্ত রাস্তা সিসি করণ | =২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা |

সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সভায় ইতিমধ্যে অনুমোদিত প্রকল্প কমিটির মাধ্যমে উল্লিখিত প্রকল্পগুলি দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এবং প্রকল্পগুলির প্রাক্কলন প্রস্তুতসহ প্রকল্প বাস্তবায়ন কাজ তদারকি পূর্বক সমাপ্তি প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ করা হয়।

গ) সভায় উপজেলা নির্বাহী অফিসার, মোহনগঞ্জ, নেত্রকোণা জানান, পৌর কর্তৃপক্ষ কর্তৃক ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরের পৌরকর বাবদ ৪,০০,০০০.০০(চার লক্ষ) টাকা পরিশোধ করার জন্য অনুরোধ করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ২০২০-২০২১ এবং ২০২১-২০২২ অর্থ বছরের পৌরকর বাবদ ৪,০০,০০০.০০(চার লক্ষ) টাকা পরিশোধ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

ঘ) ।) উপজেলা প্রকৌশলী সভায় জানান উপজেলা নির্বাহী অফিসার কার্যালয় থেকে প্রাপ্ত পত্রের আলোকে উপজেলা পরিষদের পুরাতন জীপগাড়িটি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে দেখা যায় ১৯৮৪ সালে বরাদ্দকৃত এই গাড়িটি সম্পূর্ণ অকেজো অবস্থায় আছে। গাড়ির কোন যন্ত্রাংশই ভাল না। মরিচা ধরে গাড়িটি জরাজীর্ণ হয়ে গেছে। উক্ত গাড়িটির আনুমানিক মূল্য নির্ধারণের বিষয়ে বিআরটিএ এর মতামত নেয়া যেতে পারে বলে তিনি জানান। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । সার্বিক আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

।।) সভায় উপজেলা প্রকৌশলী জানান, উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তাগুলির অবস্থা খুবই খারাপ। সার্বক্ষনিক পানি জমে থাকে। রাস্তা গুলি নীচু হয়ে যাওয়ায় এবং ভেঙ্গে যাওয়ায় কর্দমাক্ত হয়ে গেছে। বর্তমানে রাস্তাগুলিতে পায়ে হেটে চলাচলের অনুপযোগী। জরুরিভিত্তিতে রাস্তাগুলি মোরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় । সার্বিক আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্ত ঃ।) উপজেলা পরিষদের পুরাতন জীপগাড়িটি (১৯৮৪ সালে বরাদ্দকৃত) সরেজমিনে পরিদর্শন করে জরুরিভিত্তিতে প্রাক্কলনসহ প্রতিবেদন দাখিল করার জন্য মোটরযান পরিদর্শক, বিআরটিএ, নেত্রকোণা বরাবরে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয়।

।।) উপজেলা পরিষদের অভ্যন্তরের রাস্তাগুলি জরুরিভিত্তিতে মেরামত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ, নেত্রকোণা বরাবরে পত্র দেয়ার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

ঙ) সভায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ জানান, দীর্ঘদিন যাবৎ হাসপাতালের স্বাস্থ্যসেবা কমিটির সভা হয় নাই। ফলে হাসপাতালের বিভিন্ন সমস্যা/সমাধান বিষয়ে আলোচনা করা সম্ভব হয় না। জরুরিভিত্তিতে হাসপাতালের স্বাস্থ্যসেবা কমিটির সভা আহবান করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মোহনগঞ্জ, নেত্রকোণাকে অনুরোধ করা হয়।

চ) উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়িত উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (ইউজিডিপি) আওতায় নেত্রকোনা জেলার মোহনগঞ্জ উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের প্যাকেজ নং INF-২০১৯-২০-৪৫৭২৬৩-০১ ও INF-২০১৯-২০-৪৫৭২৬৩-০৩ এর আওতায় করোনা ভাইরাস কোভিড-১৯ পরিস্থিতি মোকাবেলায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ১৫ (পনের) টি বেডে সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম সরবরাহ ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে ০৩ (তিন) টি ওয়াশ ব্লক নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার নির্ধারিত সময়ে কাজ সমাপ্ত করে যথাক্রমে ভ্যাট ও আয়কর সহ ১২৪৬৩৬৪.১০/- (বারো লক্ষ ছয়চল্লিশ হাজার তিনশত চৌষট্টি) ও ১৮,০৪,০৫৭.০০ (আঠারো লক্ষ চার হাজার সাতান্ন) টাকার বিল দাখিল করায় তা পরিশোধ করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ সেন্ট্রাল অক্সিজেন সাপ্লাই সিস্টেম সরবরাহ ও শিক্ষা প্রতিষ্ঠানে ০৩ (তিন) টি ওয়াশ ব্লক নির্মাণ কাজের বিল দু'টি অনুমোদন দেওয়া হয় এবং বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়।

ছ) সভায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ বলেন, উপজেলা প্রশাসন ও উপজেলা পরিষদের সমন্বয়ের মাধ্যমে উপজেলার যে প্রকল্প বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি উপজেলা পরিষদের ১৭টি ষ্ট্যান্ডিং কমিটির সভা করা জন্য কমিটির সংশ্লিষ্ট সদস্য-সচিবকে অনুরোধ অনুরোধ করা হয়। তিনি বলেন, গত ২২.০৬.২০২২ তারিখের উন্মুক্ত বাজেট সভায় উপজেলা পরিষদের ২০২২-২০২৩ অর্থ বছরের বাজেট ঘোষনা করা হয়। উক্ত বাজেট উপজেলা পরিষদ সভায় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সার্বিক আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

সিদ্ধান্তঃ ২০২২-২০২৩ অর্থ বছরের উপজেলা পরিষদে বাজেট সর্বসম্মতক্রমে অনুমোদিত হয়। অনুমোদিত বাজেটের সারসংক্ষেপ নিম্নরুপঃ

**মোহনগঞ্জ উপজেলা পরিষদের বাজেট**

**অর্থ বৎসর ২০২২-২০২৩**

**ফরম-ক**

**(বিধি ৩ দ্রষ্টব্য)**

**বাজেট সার সংক্ষেপ**

| বিবরণ | | পূর্ববর্তী বৎসরের প্রকৃত ২০২১-২০২২ | চলতি বৎসরের বাজেট ২০২২-২০২৩ |
|---|---|---|---|
| অংশ-১ | রাজস্ব হিসাব<br>আগত জের,প্রাপ্তি(৪১%+২%+ বাসাবাড়ি) রাজস্ব,অনুদান ১%(উপজেলা পরিষদ), ও উন্নয়ন তহবিল। | ৫৪,৬০,০০০.০০ | ৫৮,৫২,০০০.০০ |
| | ক) মোট প্রাপ্তি | ৫৪,৬০,০০০.০০ | ৫৮,৫২,০০০.০০ |
| | বাদ রাজস্ব ব্যয় | ৫৩,৭৪,০০০.০০ | ৫৮,০০,০০০.০০ |
| | ক) উদ্বৃত্ত/ঘাটতি | ৮৬,০০০.০০ | ৫২,০০০.০০ |
| অংশ-২ | উন্নয়ন হিসাবঃ উন্নয়ন অনুদান | ১,০২,৩৩,৩৯৫.০০ | ১,০২,০০,০০০.০০ |
| | অন্যান্য অনুদান ও চাঁদা (বিশেষ বরাদ্দ) | - | ৩০,০০,০০০.০০ |
| | মোট (খ) | ১,০২,৩৩,৩৯৫.০০ | ১,৩২,০০,০০০.০০ |
| | মোট প্রাপ্ত সম্পদ (ক+খ) | ১,০৩,১৯,৩৯৫.০০ | ১,৩২,৫২,০০০.০০ |
| | বাদ উন্নয়ন ব্যয় | ১,০২,৩৩,৩৯৫.০০ | ১,৩২,০০,০০০.০০ |
| | সার্বিক বাজেট উদ্বৃত্ত/ঘাটতি | ৮৬,০০০.০০ | ৫২,০০০.০০ |
| | যোগ প্রারম্ভিক জের (১ জুলাই) | - | - |
| | সমাপ্তি জের | ৮৬,০০০.০০ | ৫২,০০০.০০ |
| | সরকারী কোষাগারে ফেরত | | |
| | প্রকৃত সমাপ্তি জের | ৮৬,০০০.০০ | ৫২,০০০.০০ |

জ) এপ্রিল/২০২২ মাসের উপজেলা পরিষদ সভার পর থেকে ২৯.০৫.২০২২ খ্রিঃ পর্যন্ত উপজেলা পরিষদ সভায় উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যানগণের সম্মানী ভাতা, বাড়ী ভাড়া ভাতা, ভ্রমণ ভাতা, উপজেলা পরিষদের আপ্যায়ন, আনুষঙ্গিক খরচ, মালীর মজুরী এবং অন্যান্য আনুষঙ্গিক বিল পরিশোধের বিষয় সভায় উপস্থাপন করা হয়। উল্লেখিত বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিল পরিশোধে সর্বসম্মতিক্রমে অনুমোদন/ব্যয়োত্তর অনুমোদন দেয়া হয়।

| ক্রঃনং | ব্যয়ের বিবরণী | পরিমাণ |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল/২০২২ সম্মানী ও বাড়ী ভাড়া ভাতা। | ৪৫,০০০/- |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মার্চ/২০২২ মাসের ভ্রমণ বিল । | ১১,২৫০/- |
| ০৩ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল/২০২২ মাসের সম্মানী ভাতা। | ২৭,০০০/- |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মার্চ/২০২২ মাসে ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার এপ্রিল/২০২২ মাসের সম্মানী। | ২৭,০০০/- |
| ০৬ | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোহনগঞ্জ, নেত্রকোণার মার্চ/২০২২ ভ্রমণ বিল। | ৭,৫০০/- |
| ০৭ | উপজেলা পরিষদের মালীর এপ্রিল/২০২২ মাসের মজুরী প্রদান। | ৯৫০০/- |
| ০৮ | উপজেলা পরিষদ চেয়ারম্যান ও ভাইস চেয়াম্যানগণের অফিসের এপ্রিল/২০২২ মাসের সভার আপ্যায়ন,আনুষঙ্গিক ব্যয়। | ২০.০০০/- |
| ০৯ | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের এপ্রিল/২০২২ মাসের দৈনন্দিন আপ্যায়ন, পরিষদ সভা, আইন শৃঙ্খলা সভাসহ বিভিন্ন সভার আপ্যায়ন। | ১৫,০০০/- |
| ১০ | উপজেলা পরিষদের ষ্ট্যান্ডিং কমিটির এপ্রিল/২০২২ মাসের সভার আপ্যায়ন ও আনুষঙ্গিক ব্যয় । | ৮,০০০/- |
| ১১ | ঈদুল ফিতর/২০২২ এর সরকারি ছুটিতে উপজেলা পরিষদ পাহারা বাবদ ব্যয়। | ৫৭০০/- |
| ১২ | উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে ও বাসভবনের নিচতলায় সরকারি অফিসে ০৩টি সিলিং ফ্যান সরবরাহ বাবদ | ১০,০০০/- |
| ১৩ | উপজেলা পরিষদের চেয়ারম্যানের কার্যালয়ের নিচতলার একটি দরজা সরবরাহ বাবদ | ১০,০০০/- |

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ শহীদ ইকবাল)
সভাপতি
ও
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মোহনগঞ্জ, নেত্রকোণা।

কার্যবিবরণী নং- ০৫.৪৫.৭২৬৩.০০০.০৬.০০১.২০-৪৯৫ (৪০) তারিখঃ ৩১.০৫.২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

০১. মাননীয় সংসদ সদস্য, মদন-মোহনগঞ্জ ও খালিয়াজুরী নির্বাচনী এলাকা ১৬০- নেত্রকোণা-৪ ।
০২. বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
০৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
০৪. চেয়ারম্যান,উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৫. মেয়র, মোহনগঞ্জ পৌরসভা, মোহনগঞ্জ ,নেত্রকোণা।
০৬. সিনিয়র সহকারী সচিব,স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মোহনগঞ্জ, নেত্রকোণা।
০৮. উপজেলা ..............................................................,........অফিসার,মোহনগঞ্জ,নেত্রকোণা।
০৯. চেয়ারম্যান,.............................................................ইউ,পি (সকল), মোহনগঞ্জ, নেত্রকোণা।
১০. সংরক্ষণ নথি।

৩০/০৫/২২

(ছাব্বির আহমেদ আকুঞ্জি)
উপজেলা নির্বাহী অফিসার
মোহনগঞ্জ, নেত্রকোণা
ফোন: ০৯৫২৪-৫৬০১০
ই-মেইল: unomohonganj@yahoo.com